# ধানের থ্রিপস পোকা দমনে করণীয়

বাংলাদেশে ছয় প্রজাতির থ্রিপস পোকা ধান গাছ আক্রমন করে থাকে। থ্রিপস পোকা সাধারণত ধানের চারা অবস্থা থেকে কুশি বের হওয়া পর্যন্ত আক্রমন করে ক্ষতি করে থাকে।

আক্রমনের লক্ষণঃ

- ধানের চারা অবস্থা থেকে কুশী পর্যন্ত সময়ে পূর্ণ বয়স্ক থ্রিপস পোকা ও তাদের বাচ্চারা পাতার উপর ক্ষত সৃষ্টি করে রস চুষে খায়। ফলে পাতার আগা লম্বা লম্বিভাবে মুড়ে যায় ।
- পাতার আক্রান্ত অংশটি হলদে থেকে লাল দেখা যায় ।
- যে সমস্ত জমিতে সব সময় দাড়ানো পানি থাকে না সাধারণতঃ সে সব ক্ষেতে থ্রিপস এর আক্রমন বেশী হয়।

পোকা ব্যবস্থাপনাঃ

- ✓ পরিস্কার পরিচ্ছন্ন চাষ করা ।
- ✓ নাইট্রোজেন জাতীয় সার যেমন: ইউরিয়া ২০০-৩০০ গ্রাম প্রতি শতকে উপরি প্রয়োগ করে এ পোকার ক্ষতি কিছুটা রোধ করা যায় ।
- ✓ জমি শুকনা থাকলে অল্প সময়ের জন্য পর্যাপ্ত পরিমান পানি সেচ দিয়ে আবার পানি বের করে ফেলা;
- ✓ আক্রান্ত জমির ২৫ ভাগ ধানের পাতা ক্ষতিগ্রস্থ হলে অনুমোদিত কীটনাশক ব্যবহার করা যেতে পারে। ধানের থ্রিপস পোকার দমনের জন্য নমূনাস্বরূপ অনুমোদিত কীটনাশকের তালিকা নিম্নোক্ত ছকে প্রদান করা হলো-

| গ্রুপের নাম | বানিজ্যিক নাম | প্রয়োগ মাত্রা/ হেক্টর |
|---|---|---|
| কার্বারিল | সেভিন ৮৫ ডব্লিউপি | ১.৭ কেজি |
| ডাইমেথোয়েট | রগর ৪০ এল | ১.১২ লিটার |
| | পারফেকথিয়ন ৪০ ইসি | |
| ফেনিট্রথিয়ন | ফেনিটক্স ৫০ ইসি | ১ লিটার |
| | ফলিথিয়ন ৫০ ইসি অথবা | ১.২ লিটার |
| | সুমিথিয়ন ৫০ ইসি | |
| আইসোপ্রোকার্ব (MIPC) | মিপসিন ৭৫ ডব্লিউপি | ১.২ কেজি |
| ম্যালাথিয়ন | ফাইফানন ৫৭ ইসি | ১.১২ লিটার |
| | হিলথিয়ন ৫৭ ইসি | ১ লিটার |
| | সাইফানন ৫৭ ইসি | |

**উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা**